গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় উপপরিচালকের কার্যালয়
প্রাথমিক শিক্ষা ময়মনসিংহ বিভাগ,
ময়মনসিংহ।
www.dpe.mymensinghdiv.gov.bd

স্মারক নং : ৩৮.৪৫.০০০০.০০০.২৭.০৩৯.১৯.২৫

তারিখ: ২৩ পৌষ- ১৪৩২
০৭ জানুয়ারী- ২০২৬

অভিযোগনামা

যেহেতু, আপনি জনাব মোঃ আবুল কাশেম, প্রধান শিক্ষক, চাঁনপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, ফুলপুর, ময়মনসিংহ (বর্তমান কর্মস্থল: চরবাড়িয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়, বরিশাল সদর,বরিশাল)। সরকারি প্রাথমিক বিদ্যালয়ের কয়েকটি শিক্ষক সংগঠনের পক্ষে ৩ দফা দাবি আদায়ের লক্ষ্যে গত ০৭/১১/২০২৫ খ্রি. তারিখে কেন্দ্রীয় শহীদ মিনারে সমাবেশ ও অবস্থান কর্মসূচির ঘোষণা প্রদান করেন। ঘোষণার আলোকে আপনি ও অন্যান্য শিক্ষকগণ ০৭/১১/২০২৫ খ্রি. হতে ১০/১১/২০২৫ খ্রি. পর্যন্ত কেন্দ্রীয় শহীদ মিনারে অবস্থান গ্রহণ করে বিক্ষোভ প্রদর্শন করেন;এবং

যেহেতু, বিষয়টি সরকারের দৃষ্টিগোচর হলে উত্থাপিত দাবিসমূহ গ্রহণযোগ্য সমাধানে পৌছানোর লক্ষ্যে ১০/১১/২০২৫ খ্রি. তারিখে অর্থ মন্ত্রণালয়ের সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ সচিবালয়ে আপনারাসহ সহকারী শিক্ষক সংগঠনসমূহের নেতৃবৃন্দের সাথে বৈঠকে মিলিত হন এবং দাবিসমূহ পূরণের জন্য সর্বাত্মক প্রচেষ্টা গ্রহণের আশ্বাস প্রদান করেন। এ প্রেক্ষিতে একটি সরকারি প্রেস বিজ্ঞপ্তি জারি করা হয় এবং এর ফলশ্রুতিতে গৃহীত আন্দোলন কর্মসূচি প্রত্যাহার করা হয়;এবং

যেহেতু, পরবর্তীতে আপনিসহ অন্যান্য নেতৃবৃন্দ উত্থাপিত দাবিসমূহ দ্রুত বাস্তবায়নপূর্বক প্রজ্ঞাপন জারির দাবিতে সামাজিক যোগাযোগ মাধ্যমে বক্তব্য প্রদান ও উসকানিমূলক ভিডিও প্রচার অব্যাহত রাখেন। আপনি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকবৃন্দকে ০১/১২/২০২৫ খ্রি. তারিখ হতে অনুষ্ঠিতব্য তৃতীয় প্রান্তিক পরীক্ষা গ্রহণ থেকে বিরত থাকার জন্য আহবান জানান। উক্ত বক্তব্যসমূহ সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচারিত হলে তা প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের দৃষ্টিগোচর হয়;এবং

যেহেতু, এ প্রেক্ষিতে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক মহোদয় আপনিসহ শিক্ষক নেতৃবৃন্দের সাথে একাধিকবার আলোচনায় বসেন এবং স্পষ্টভাবে অবহিত করেন যে, সরকার দাবিসমূহ পূরণের লক্ষ্যে আন্তরিকভাবে প্রশাসনিক কার্যক্রম অব্যাহত রেখেছেন। একই সাথে তিনি এ ধরনের কর্মসূচি গ্রহণ থেকে বিরত থাকার অনুরোধ জানান, কারণ এসব কর্মসূচির ফলে প্রাথমিক বিদ্যালয়ের কোমলমতি শিক্ষার্থীদের একাডেমিক কার্যক্রম মারাত্মকভাবে ব্যাহত হয় এবং অভিভাবক ও সচেতন মহলে বিরূপ প্রতিক্রিয়ার সৃষ্টি হয়;এবং

যেহেতু, আপনি মহাপরিচালক মহোদয়ের প্রদত্ত আশ্বাস সত্ত্বেও আপনারা সংগঠনের পক্ষে আপনিসহ অন্যান্য শিক্ষক নেতৃবৃন্দ বিদ্যালয়ের তৃতীয় প্রান্তিক পরীক্ষাসহ সকল একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রম থেকে বিরত থাকার আহ্বান জানিয়ে সামাজিক যোগাযোগ মাধ্যমসহ বিভিন্ন মাধ্যমে বক্তব্য প্রদান অব্যাহত রাখেন। এর ফলশ্রুতিতে ০১/১২/২০২৫ খ্রি. তারিখে অনুষ্ঠিত তৃতীয় প্রান্তিক পরীক্ষায় দেশের বিভিন্ন অঞ্চলে কিছু সংখ্যক শিক্ষক কমবিরতি পালন করেন, যার ফলে শিক্ষার্থী ও অভিভাবকদের মধ্যে তীব্র প্রতিক্রিয়ার সৃষ্টি হয়;এবং

যেহেতু, আপনার এধরণের কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর পর্যায়ভূক্ত অপরাধ;

সেহেতু, আপনার এহেন কার্যকলাপের জন্য আপনাকে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ২০১৮এর ৩(খ) বিধি অনুসারে 'অসদাচরণ' এর অভিযোগে অভিযুক্ত করা হলো এবং একই বিধিমালার ৪ এর (৩)(ঘ) বিধি অনুসারে কেন আপনাকে 'চাকরি হতে বরখাস্ত' অথবা অন্য যে কোন উপযুক্ত দন্ড প্রদান করা হবে না, তার লিখিত জবাব পত্র প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে প্রেরণ করার জন্য নির্দেশ প্রদান করা হলো। উল্লেখ্য যে, আপনি আত্মপক্ষ সমর্থনে ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের ইচ্ছাপোষণ করেন কি-না তাও লিখিত জবাবে উল্লেখ করবেন। যে অভিযোগ বিবরণীর উপর ভিত্তি করে এ অভিযোগনামা প্রণয়ন করা হয়েছে তার এককপি এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

সংযুক্তি: অভিযোগ বিবরণী- ১ পাতা।

০৭/১/২০২৬
মো: জালাল উদ্দিন
উপপরিচালক (চ.দা.)
02-997710283
ddpmymen@gmail.com
০৭/১/২০২৬

জনাব মোঃ আবুল কাশেম
প্রধান শিক্ষক, চাঁনপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়
ফুলপুর, ময়মনসিংহ

বর্তমান কর্মস্থলঃ
প্রধান শিক্ষক, চরবাড়িয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়
বরিশাল সদর,বরিশাল ।

সদয় অবগতির জন্য অনুলিপি:
১। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬।
২। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, বরিশাল বিভাগ, বরিশাল।
৩। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ময়মনসিংহ/ বরিশাল। সংশ্লিষ্ট শিক্ষকের পত্র প্রাপ্তি নিশ্চিতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।
৪। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ফুলপুর, ময়মনসিংহ/সদর,বরিশাল।
৫। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, বরিশাল সদর, বরিশাল।
৬। সংরক্ষণ নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় উপপরিচালকের কার্যালয়
প্রাথমিক শিক্ষা ময়মনসিংহ বিভাগ,
ময়মনসিংহ।
www.dpe.mymensinghdiv.gov.bd

অভিযোগবিবরণী

জনাব মোঃ আবুল কাশেম, প্রধান শিক্ষক, চাঁনপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, ফুলপুর, ময়মনসিংহ (বর্তমান কর্মস্থল:চরবাড়িয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়, বরিশাল সদর,বরিশাল)। সরকারি প্রাথমিক বিদ্যালয়ের কয়েকটি শিক্ষক সংগঠনের পক্ষে ৩ দফা দাবি আদায়ের লক্ষ্যে গত ০৭/১১/২০২৫ খ্রি. তারিখে কেন্দ্রীয় শহীদ মিনারে সমাবেশ ও অবস্থান কর্মসূচির ঘোষণা প্রদান করেন। ঘোষণার আলোকে তিনি ও অন্যান্য শিক্ষকগণ ০৭/১১/২০২৫ খ্রি. হতে ১০/১১/২০২৫ খ্রি. পর্যন্ত কেন্দ্রীয় শহীদ মিনারে অবস্থান গ্রহণ করে বিক্ষোভ প্রদর্শন করেন। বিষয়টি সরকারের দৃষ্টিগোচর হলে উত্থাপিত দাবিসমূহ গ্রহণযোগ্য সমাধানে পৌঁছানোর লক্ষ্যে ১০/১১/২০২৫ খ্রি. তারিখে অর্থ মন্ত্রণালয়ের সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ সচিবালয়ে তিনিসহ সহকারী শিক্ষক সংগঠনসমূহের নেতৃবৃন্দের সাথে বৈঠকে মিলিত হন এবং দাবিসমূহ পূরণের জন্য সর্বাত্মক প্রচেষ্টা গ্রহণের আশ্বাস প্রদান করেন। এ প্রেক্ষিতে একটি সরকারি প্রেস বিজ্ঞপ্তি জারি করা হয় এবং এর ফলশ্রুতিতে গৃহীত আন্দোলন কর্মসূচি প্রত্যাহার করা হয়। পরবর্তীতে তিনিসহ অন্যান্য নেতৃবৃন্দ উত্থাপিত দাবিসমূহ দ্রুত বাস্তবায়নপূর্বক প্রজ্ঞাপন জারির দাবিতে সামাজিক যোগাযোগ মাধ্যমে বক্তব্য প্রদান ও উসকানিমূলক ভিডিও প্রচার অব্যাহত রাখেন। তিনি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকবৃন্দকে ০১/১২/২০২৫ খ্রি. তারিখ হতে অনুষ্ঠিতব্য তৃতীয় প্রান্তিক পরীক্ষা গ্রহণ থেকে বিরত থাকার জন্য আহবান জানান। উক্ত বক্তব্যসমূহ সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচারিত হলে তা প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের দৃষ্টিগোচর হয়। এ প্রেক্ষিতে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক আপনিসহ শিক্ষক নেতৃবৃন্দের সাথে একাধিকবার আলোচনায় বসেন এবং স্পষ্টভাবে অবহিত করেন যে, সরকার দাবিসমূহ পূরণের লক্ষ্যে আন্তরিকভাবে প্রশাসনিক কার্যক্রম অব্যাহত রেখেছেন। একই সাথে তিনি এ ধরনের কর্মসূচি গ্রহণ থেকে বিরত থাকার অনুরোধ জানান, কারণ এসব কর্মসূচির ফলে প্রাথমিক বিদ্যালয়ের কোমলমতি শিক্ষার্থীদের একাডেমিক কার্যক্রম মারাত্মকভাবে ব্যাহত হয় এবং অভিভাবক ও সচেতন মহলে বিরূপ প্রতিক্রিয়ার সৃষ্টি করে। তিনি মহাপরিচালকের প্রদত্ত আশ্বাস সত্ত্বেও তারা সংগঠনের পক্ষে তিনিসহ অন্যান্য শিক্ষক নেতৃবৃন্দ বিদ্যালয়ের তৃতীয় প্রান্তিক পরীক্ষাসহ সকল একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রম থেকে বিরত থাকার আহ্বান জানিয়ে সামাজিক যোগাযোগ মাধ্যমসহ বিভিন্ন মাধ্যমে বক্তব্য প্রদান অব্যাহত রাখেন। এর ফলশ্রুতিতে ০১/১২/২০২৫ খ্রি. তারিখে অনুষ্ঠিত তৃতীয় প্রান্তিক পরীক্ষায় দেশের বিভিন্ন অঞ্চলে কিছু সংখ্যক শিক্ষক কর্মবিরতি পালন করেন, যার ফলে শিক্ষার্থী ও অভিভাবকদের মধ্যে তীব্র প্রতিক্রিয়ার সৃষ্টি হয়।

তার উপর্যুক্ত কার্যকলাপ শৃঙ্খলা পরিপন্থী যা সরকারি কর্মচারি (শৃংখলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এ বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর পর্যায়ভূক্ত অপরাধ।

৭/১২/২০২৫
(মো: জালাল উদ্দিন)
উপপরিচালক (চ.দা.)
02-997710283
ddpmymen@gmail.com

০৭/১২/২৫

E:\ময়মনসিংহ জেলা\আদেশনামা আবুল কাশেম. প্রশি.চানপুর সপ্রাবি. ফুলপুর (কর্মবিরতি মামলা) .doc